

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

সাভার, ঢাকা-১৩৪৩

www.bpatc.gov.bd

মহান শহিদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উপলক্ষ্যে আলোচনা সভা আয়োজন সংশ্লিষ্ট কমিটি'র সভার  
কার্যবিবরণী

সভাপতি	হাসান মূর্তাজা মাসুম পরিচালক
সভার তারিখ	১৬/০২/২০২৩ খ্রি. (বৃহস্পতিবার)
সভার সময়	সকাল ১০:১৫ টা
স্থান	ভিশন গার্ডেন, আইটিসি
উপস্থিতি	(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

(ক) ড. রোকেয়া ফাহিমদা, পরিচালক (খ) জনাব মোঃ শরীফ হাছান, পরিচালক (গ) জনাব তানজুর আহমেদ জোয়ার্দার,  
সহকারী প্রোগ্রামার (ঘ) জনাব তানযিনা আক্তার, সহকারী পরিচালক

মহান শহিদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে আলোচনা অনুষ্ঠান  
আয়োজনসংশ্লিষ্ট কমিটি কর্তৃক আয়োজিত সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আলোচনা শুরু করা হয়। উপস্থিত  
সদস্যবৃন্দের মন্তব্য ও একমতের প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

#### সিদ্ধান্ত ১:

২১শে ফেব্রুয়ারি ২০২৩ (মঙ্গলবার) সকাল ১০:০০ টায় কেন্দ্রের মিলনায়তনে কেন্দ্রীয়ভাবে গৃহীত কর্মসূচির আওতায়  
আলোচনা অনুষ্ঠান আয়োজন করা হবে। আলোচনা অনুষ্ঠানের সম্ভাব্য প্রতিপাদ্য: *'একুশ শতকে একুশে ফেব্রুয়ারি'*। তবে,  
জাতীয়ভাবে কোনো প্রতিপাদ্য গৃহীত হলে প্রস্তাবিত প্রতিপাদ্যের স্থলে তা অনুসৃত হবে।

অনুষ্ঠানের সভাপতি হিসেবে উপস্থিত থাকতে অনুরোধ জানানো হবে কেন্দ্রের রেক্টর মহোদয়কে।

#### আলোচনা অনুষ্ঠানের সম্ভাব্য ক্রম হবে নিম্নরূপ

- (ক) কর্মচারী ক্লাবের পক্ষ হতে একজন প্রতিনিধির বক্তব্য (চার মিনিট)
- (খ) চলমান বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের একজন প্রশিক্ষণার্থীর বক্তব্য (চার মিনিট)
- (গ) কেন্দ্রের সহকারী পরিচালক/সমপর্যায়ের একজন অনুষদের বক্তব্য (চার মিনিট)
- (ঘ) কেন্দ্রের উপপরিচালক/সমপর্যায়ের একজন অনুষদের বক্তব্য (চার মিনিট)
- (ঙ) চলমান এসিএডি কোর্সের একজন প্রশিক্ষণার্থীর বক্তব্য (পাঁচ মিনিট)
- (চ) পরিচালক/সমপর্যায়ের একজন অনুষদের বক্তব্য (পাঁচ মিনিট)
- (ছ) চলমান এসএসসি কোর্সের একজন প্রশিক্ষণার্থীর বক্তব্য (পাঁচ মিনিট)
- (জ) কেন্দ্রের এমডিএস/সমপর্যায়ের একজন অনুষদের বক্তব্য (পাঁচ মিনিট)

[উল্লেখ্য, স্ব-স্ব কোর্স পরিচালক/কোর্স প্রশাসন প্রশিক্ষণার্থী বাছাইপূর্বক সংশ্লিষ্ট কমিটিকে অবহিত করবেন।]

(ঝ) সভাপতি মহোদয়ের বক্তব্য।

**সিদ্ধান্ত ২:**

জনাব তানজুর আহমেদ জোয়ার্দার, সহকারী প্রোগ্রামার, বিপিএটিসি আলোচনা অনুষ্ঠানের একটি আমন্ত্রণপত্র এবং অনুষ্ঠানস্থলে প্রদর্শনের নিমিত্ত একটি ভারুয়াল ব্যানার/ব্যাকড্রপ প্রস্তুত করবেন।

**সিদ্ধান্ত ৩:**

আলোচনা অনুষ্ঠানটিতে সঞ্চালনার দায়িত্ব পালন করবেন জনাব নাসরিন আক্তার, উপপরিচালক, বিপিএটিসি এবং জনাব সাইদুর রহমান, সহকারী পরিচালক, বিপিএটিসি।

**সিদ্ধান্ত ৪:**

আলোচনা অনুষ্ঠানস্থলে চলমান সকল কোর্সের প্রশিক্ষার্থীবৃন্দ, বিপিএটিসি'র সকল অনুষদ/কর্মকর্তা এবং কর্মচারী ক্লাবের ত্রিশ জন প্রতিনিধি উপস্থিত থাকবেন। উল্লেখ্য, সাধারণ সম্পাদক, কর্মচারী ক্লাব ত্রিশ জন প্রতিনিধির নাম নির্ধারণপূর্বক সংশ্লিষ্ট কমিটিকে অবহিত করবেন।

**সিদ্ধান্ত ৫:**

অনুষ্ঠানস্থলের মঞ্চসজ্জা ও আসন বিন্যাসে প্রয়োজনীয় সমন্বয় রক্ষা করবেন জনাব মামুন-উর রশিদ, লাইব্রেরিয়ান ও জনাব শামীম আদনান, উপপরিচালক, বিপিএটিসি।

**সিদ্ধান্ত ৬:**

অনুষ্ঠানের সঞ্চালক ও নির্ধারিত আলোচকগণের সাথে যোগাযোগের ক্ষেত্রে সমন্বয় করবেন ড. রোকেয়া ফাহমিদা, পরিচালক, বিপিএটিসি।

**সিদ্ধান্ত ৭:**

অনুষ্ঠান শেষে আমন্ত্রিত অতিথি, কেন্দ্রের অংশগ্রহণকারী অনুষদ/কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দের (আনুমানিক ১৪০ জনের) জন্য চা-নাস্তার ব্যবস্থা করবেন উপপরিচালক (সেবা), বিপিএটিসি।

**সিদ্ধান্ত ৮:**

অনুষ্ঠানে অংশগ্রহণ বাধ্যতামূলক বিধায় এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অবহিত করতে হবে। এক্ষেত্রে, জনাব হাসান মূর্তাজা মাসুম, পরিচালক, বিপিএটিসি কেন্দ্রের প্রশাসন অনুবিভাগের সহযোগিতা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় যোগাযোগ করবেন।

০২. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



হাসান মূর্তাজা মাসুম  
পরিচালক

স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.০৯৪.২৩.০০১.২২.৪

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৯

১৭ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজ্যক্ষেত্রে কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) অনুষদ সদস্য (সকল), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা-১৩৪৩।


২) জনাব.....

৩) উপপরিচালক, সেবা অধিশাখা, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) (উল্লিখিত সংখ্যক উপস্থিতির জন্যে হাঙ্কা নাস্তা সরবরাহের অনুরোধসহ)

৪) রেক্টর-এর একান্ত সচিব, রেক্টর এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্যে)

৫) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার-৪ এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) (কেন্দ্রের তথ্য বাতায়নে কার্যবিবরণীটি প্রকাশের অনুরোধসহ)

৬) সংশ্লিষ্ট নথি



শামীম আদনান

উপপরিচালক ও সদস্য সচিব, আলোচনা সভা  
আয়োজন সংশ্লিষ্ট কমিটি